

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কৃষি মন্ত্রণালয়



### বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

### কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

[www.birtan.gov.bd](http://www.birtan.gov.bd)

স্মারক নং- ১২.০৯.০০০০.০০৫.২৫.০০৩.২৪- ৫২

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২  
১০ সেপ্টেম্বর ২০২৫

#### বিষয়ঃ খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক সচেতনতামূলক ক্যাম্পেইন আয়োজন প্রসঙ্গে।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় বারটান এর “কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ (বারটান অংগ)” শীর্ষক প্রকল্পের ব্যবস্থাপনায় আগামী ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি উপজেলায় মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১১০ (একশত দশ) জন কিশোরীদের অংশগ্রহণে ফলিত পুষ্টি বিষয়ক সচেতনতামূলক ক্যাম্পেইন আয়োজন করতে আগ্রহী। উক্ত ক্যাম্পেইনটি বয়ঃসন্ধিকালীন কিশোরীদের পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ক তথ্যাদি প্রদানের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির কাজ করবে। যার মাধ্যমে কিশোরীদের পুষ্টি ও স্বাস্থ্যগত অবস্থার উন্নতি সাধনে সহায়তা করবে, যা পক্ষান্তরে জাতীয় উন্নতিতে অবদান রাখবে। ক্যাম্পেইনটি পরিচালনার জন্য বারটান এর ০২ (দুই) জন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, উক্ত উপজেলায় অবস্থিত মাধ্যমিক/উচ্চমাধ্যমিক প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১১০ (একশত দশ) জন কিশোরী নির্বাচনসহ ক্যাম্পেইনটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

*Jasina*  
২০/০৯/২০২৫

তাসনীমা মাহজাবীন

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও

প্রকল্প ব্যবস্থাপক

উপজেলা কৃষি কর্মকর্তা

ফুলবাড়ি, কুড়িগ্রাম।

**অনুলিপি বিতরণঃ** সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক (উপসচিব), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।

০৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, রংপুর।

০৪। সহকারী প্রকল্প ব্যবস্থাপক, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।

০৫। মনিটরিং অফিসার, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।

০৬। হিসাব শাখা, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।

০৭। আইসিটি শাখা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।

০৮। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।